

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২২৫০

(كتاب الفتن عن رسول الله عليه المعالم / العالم المعالم المعال

পরিচ্ছেদঃ ইবন সায়্যাদ প্রসঙ্গে বর্ণনা।

بَابُ مَا جَاءَ فِي ذِكْرِ ابْنِ صَيَّادٍ

আরবী

حَدَّثَنَا سُفْيَانُ بِنُ وَكِيعٍ، حَدَّثَنَا عَبْدُ الأَعْلَى، عَنِ الْجُرَيْرِيِّ، عَنْ أَبِي نَضْرَةَ، عَنْ أَبِي سَعِيد، قَالَ لَقِيَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم ابْنَ صَائِد فِي بَعْضِ طُرُقِ الْمَدِينَةِ فَاحْتَبَسَهُ وَهُو غُلاَمٌ يَهُودِيٌّ وَلَهُ ذُوَّابَةٌ وَمَعَهُ أَبُو بَكْرٍ وَعُمَرُ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " أَتَشْهَدُ أَنِي رَسُولُ اللَّهِ قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " آمَنْتُ بِاللَّهِ وَمَلاَئِكَتِهِ وَكُتُبِهِ وَرُسُلِهِ وَالْيَوْمِ الآخِرِ " . قَالَ لَهُ النَّبِيُّ صلى الله عليه وسلم " آمَنْتُ بِاللَّهِ وَمَلاَئِكَتِهِ وَكُتُبِهِ وَرُسُلِهِ وَالْيَوْمِ الآخِرِ " . قَالَ لَهُ النَّبِيُّ صلى الله عليه وسلم " تَرَى عَرْشَ إِبْلِيسَ فَوْقَ الْبَحْرِ . قَالَ " فَمَا تَرَى " . قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " تَرَى عَرْشَ إِبْلِيسَ فَوْقَ الْبَحْرِ . قَالَ " فَمَا تَرَى " . قَالَ أَرَى صَادِقًا الله عليه وسلم " تَرَى عَرْشَ إِبْلِيسَ فَوْقَ الْبَحْرِ . قَالَ " فَمَا تَرَى " . قَالَ أَرَى صَادِقًا وَكَاذِبًا . قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " لُبِسَ عَلَيْهِ " . فَدَعَاهُ وَكَاذِبَيْنِ أَوْ صَادِقَيْنِ وَكَاذِبًا . قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " لُبِسَ عَلَيْهِ " . فَدَعَاهُ وَكَاذِبًا بَعْنُ عُمْرَ وَحُسَيْنِ بْنِ عَلِي وَابْنِ عُمَرَ وَأَبِي ذَرٍ وَابْنِ مَسْعُودٍ وَجَابِرٍ وَكَاذِبًا حَدِيثٌ حَسَنٌ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ .

বাংলা

২২৫০. সুফইয়ান ইবন ওয়াকী (রহঃ) আবৃ সাঈদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, মদীনার কোন এক রাস্তায় ইবন সায়াদের সাথে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাক্ষাৎ হয়। তখন তিনি তাঁকে থামালেন। সে ছিল এক ইয়াহূদী বালক। তার চুল ছিল বেনীবদ্ধ। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে আবৃ বকর এবং উমার রাদিয়াল্লাহু আনহুমাও ছিলেন। তাকে রাসয়ূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি কি সাক্ষ্য দাও য়ে, আমি আল্লাহর রাসূল?

সে বললঃ আপনি কি সাক্ষ্য দেন যে, আমি আল্লাহর রাসূল?

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আমি তো আল্লাহ, তাঁর ফিরিশতাগণ, তাঁর কিতাবসমূহ, তাঁর



রাসূলগণ এবং শেষ দিনের উপর ঈমান এনেছি।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম তাকে আরো বললেনঃ তুমি কি দেখতে পাও?

সে বললঃ পানির উপর একটি সিংহাসন দেখতে পাচ্ছি।

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ সাগরের উপর ইবরীশের আসন দেখতে পাচ্ছ।

তিনি বললেনঃ আর কি দেখ?

সে বলল একজন সত্যবাদী ও দুইজন মিথ্যাবাদী কিংবা দুইজন সত্যবাদী ও একজন মিথ্যাবাদীকে দেখি।

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তার উপর বিষয়টি অস্পষ্ট হয়ে পড়েছে। অতএব তোমরা একে ছেড়ে দাও। সহীহ, সহিহাহ, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২২৪৭ [আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে উমার, হুসায়ন ইবন আলী, ইবন উমার, আবূ যারর, ইবন মাসউদ, জাবির এবং হাফসা রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। এ হাদীসটি হাসান।

English

It was narrated that Abu Sa'eed said:

"The Messenger of Allah(s.a.w) met Ibn Sa'eed on one of the streets of Al-Madinah, so he stopped him- and he was a Jewish boy with locks- and Abu Bakr and 'Umar were with him. So the Messenger of Allah(s.a.w) said to him: 'Do you testify that I am the Messenger of Allah?' So he replied: 'Do you testify that I am Allah's Messenger?' So the Prophet(s.a.w) said: 'I believe in Allah, His Angels, His Books, His Messengers, and the Last Day.'Then the Prophet(s.a.w) said to him: 'What do you see?' He said: 'I see a throne above the water.' So the Prophet(s.a.w) said: 'He sees the throne of Iblis above the sea.' He said: 'What else do you see?' He said: 'I see a truthful one, and two liars- or two truthful ones and a liar.' So the Prophet (s.a.w)said:"He has been confounded. So leave him.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবু সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন